

নং-সদেক/২০২৬/হিসাব/এন-১/ ৩ ৬

তারিখ: ০১/০২/২০২৬ খ্রি.

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির প্রাথমিক
আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিছু শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) হতে আগামী ০২/০২/২০২৬ হতে ২২/০২/২০২৬ তারিখের মধ্যে ভর্তির প্রাথমিক আবেদন ফরম অনলাইনে পূরণ ও রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে আবেদন ফি জমা দানের ক্ষেত্রে আবেদনকারীর করণীয় সংক্রান্ত নির্দেশনা:

১। বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী আগামী ০২/০২/২০২৬ হতে ২২/০২/২০২৬ তারিখের মধ্যে ভর্তির যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions)- এ প্রবেশ করে প্রাথমিক আবেদন যথাযথভাবে পূরণ করে Submit এর পর ডাউনলোডকৃত পিডিএফ কপি প্রিন্ট নিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে ১,০০০/- (এক হাজার টাকা মাত্র) ফিস পরিশোধ করে রশিদসহ কাগজপত্র রসায়ন বিভাগের বারান্দায় (কমিটির নিকট) আগামী ০২/০২/২০২৬ হতে ২২/০২/২০২৬ তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত) প্রতিদিন সকাল ১০.০০ টা হতে দুপুর ১ .০০ টা পর্যন্ত জমা দিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২। রকেট/উপায়/বিকাশ/নগদে ফি প্রদানের পদ্ধতি: রকেট/উপায়/বিকাশ/নগদ এর অ্যাপে গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর Govt. Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীরা তাদের ৭ ডিজিটের ভর্তির রোল দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান পূর্বক ফিস প্রদান করে জমা রশিদের প্রিন্ট নিতে হবে।

৩। প্রাথমিক আবেদনপত্রে কোন প্রকার ভুলের জন্য আবেদনকারী দায়ী থাকবে। তাই প্রাথমিক আবেদন ফরমটি সতর্কতার সাথে পূরণ করতে হবে। রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে ফি পরিশোধ করে ফি জমাদানের রশিদ আবেদন পত্রের সাথে জমা না দিলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

বি.দ্র: আবেদনের ন্যূনতম যোগ্যতা

| উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২২/২০২৩ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৪/২০২৫ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|----------------------------------|---|--|---|
| মানবিক/ব্যবসায় শিক্ষা | ২.০ | ২.০ | ৪.৫ |
| বিজ্ঞান শাখা | ২.২৫ | ২.০ | ৪.৭৫ |

আবেদন ফরমের সাথে যে সব কাগজপত্র জমা দিতে হবে:

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রাথমিক আবেদনের প্রিন্ট করা ফরম ১ কপি।

০২। এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি ১টি করে।


০৩। এসএসসি ও এইচএসসি পরীক্ষার রেজি: কার্ডের ফটোকপি ১টি করে।

০৪। রকেট/উপায়/বিকাশ/ নগদে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, মোবাইল নম্বর ও ভর্তির রোল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিতে হবে এবং ফটোকপি শিক্ষার্থীর কাছে থাকবে।)

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।

✓ 
আহবায়ক

অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি/২০২৫-২০২৬
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।